



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাঙ্গা, যশোর।

দরপত্র বিজ্ঞপ্তি



০১। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সংগ্রহের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক মালামালের বিবরণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ	দরপত্র খোলার সময়সূচী ও স্থান	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
সিসিটিভি ক্যামেরা	২৭/০২/২০২২ ইং তারিখ রবিবার হইতে ১৩/০৩/২০২২ ইং তারিখ রবিবার বেলা ০৪:০০ ঘটিকা পর্যন্ত	১৪/০৩/২০২২ ইং তারিখ সোমবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত	১৪/০৩/২০২২ ইং তারিখ সোমবার বেলা ১২:৩০ ঘটিকায়। (i) পরিচালক, পবিস ব্যাংক ও পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর।	১০০০.০০	২৫,০০০.০০
কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ				১৫০০.০০	১০০,০০০.০০

- ০২। অগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০৩। অগ্রহী দরদাতাগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরে বর্ণিত ছকের কলাম-৫ এ উল্লেখিত টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ এর জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (i) পরিচালক, পবিস ব্যাংক পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ তলা) পূর্ব অংশ, জোয়ার সাহারা, খিলক্ষেত, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা-১২২৯ ও (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর হতে কলাম ০২ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৪। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে / বাহক মারফত (i) পরিচালক, পবিস ব্যাংক পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (১০ তলা) পূর্ব অংশ, জোয়ার সাহারা, খিলক্ষেত, নতুন বিমান বন্দর সড়ক, ঢাকা-১২২৯ ও (ii) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দরপত্রের উপরে বর্ণিত ছকের কলাম-৬ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে দাখিলকৃত দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র কলাম-৪ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি সহ দরপত্র দলিলের Section 4 এর GCC 7.1(i) এ উল্লেখিত দলিলাদি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬। মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ কর্তৃক সরাসরি বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তণ করা হবে।
- ০৭। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৮। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৯। উল্লেখিত শর্ত বর্হিত্বত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

 ২৪/২/২২

আবু বকর শিবলী
জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

“মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিব বর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন”